দৈনিক সংবাদ

তারিখ 30 AUG 1987
পৃষ্ঠা ৪ কলাম ৫

37

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৫টি কেন্দ্রের পরীক্ষা বাতিলের আদেশ প্রত্যাহারের দাবী

জাতীয় সংসদের ৮জন বিরোধীদলীয় সদস্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী ও সাবসিডিয়ারী পরীক্ষায় ৫টি কেন্দ্রের ৩ হাজার ৫৬১ জন ছাত্র-ছাত্রীর পরীক্ষা বাতিলের আদেশ প্রত্যাহারের দাবী জানিয়েছেন।

গতকাল শনিবার দেয়া বিবৃতিতে বলা হয়: ওই সিদ্ধান্ত ন্যায়নীতি বিরুদ্ধ এবং অমানবিক। কারণ ৫টি কেন্দ্রের প্রতিটিতে সকল পরীক্ষার্থী নকল করেছে তা চিন্তাও করা যায় না। যারা নকল করেছে তাদের শাস্তি হওয়া উচিত, নিরপরাধীদের নয়। তোফায়েল আহমেদ, আবদুল জলিল, শামসুর রহমান খান, কামরুজ্জামান মুকুল, আবুল হোসেন তরুণ, মমতাজউদ্দিন, নুরুল মজিদ হুমায়ুন ও ফজলুর রহমান বিবৃতিতে সই করেছেন।